# আল-ওয়াকিয়া | Al-Waqi'a | ٱلْوَاقِعَة

আয়াতঃ ৫৬ : ৮

## আরবি মূল আয়াত:

فَاَصۡحٰبُ الۡمَیۡمَنَۃِ ۬ۙ مَاۤ اَصۡحٰبُ الۡمَیۡمَنَۃِ ؕ﴿۸﴾

## অনুবাদসমূহ:

সুতরাং ডান পার্শ্বের দল, ডান পার্শ্বের দলটি কত সৌভাগ্যবান! — আল-বায়ান

তখন (হবে) ডান দিকের একটি দল; কত ভাগ্যবান ডান দিকের দল। — তাইসিরুল

ডান দিকের দল! কত ভাগ্যবান ডান দিকের দল। — মুজিবুর রহমান

Then the companions of the right - what are the companions of the right? — Sahih International

### ৮. অতঃপর ডান দিকের দল; ডান দিকের দলটি কত সৌভাগ্যবান!(১)

(১) মূল আয়াতে (أَصْحَابُ الْمَيْمَنَةِ) শব্দ ব্যবহৃত হয়েছে। আরবী ব্যাকরণ অনুসারে مَيْمَنَةٌশব্দটি يمينশব্দ থেকে গৃহিত হতে পারে, যার অর্থ ডান হাত। অর্থাৎ যাদের আমলনামা ডান হাতে দেয়া হবে বা যারা ডানপাশে থাকবে। আবার يمنশব্দ থেকেও গৃহিত হতে পারে যার অর্থ শুভ লক্ষণ বা “খোশ নসীব” ও সৌভাগ্যবান। [কুরতুবী]

তাফসীরে জাকারিয়া

### (৮) ডান হাত-ওয়ালারা; কত ভাগ্যবান ডান হাত-ওয়ালারা! [1]

[1] এ থেকে বুঝানো হয়েছে এমন সব সাধারণ মু’মিনদেরকে, যাঁদেরকে তাঁদের আমলনামা ডান হাতে দেওয়া হবে এবং যেটা তাঁদের সৌভাগ্য লাভের নিদর্শন হবে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=4987

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন